# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**07-06-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) নিরাপত্তা, বাণিজ্য, শিক্ষা সহ বিভিন্ন বিষয়ে ইন্দোনেশিয়ার সঙ্গে সহযোগিতা বৃদ্ধিতে ভারতের আগ্রহের কথা পুনর্ব্যক্ত করলেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর।

২) সরকারি ও দলের সাংগঠনিক কয়েকটি কর্মসূচিতে অংশ নিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দু'দিনের সফরে দিল্লি যাচ্ছেন।

৩) IDFC ফার্স্ট ব্যাংক এবং AU ফাইন্যান্স জালিয়াতি মামলায় জাতীয় রাজধানী সহ উত্তর ভারতের বিভিন্ন জায়গায় CBI তল্লাশি।

৪) রান্নার গ্যাসের দাম সিলিন্ডার প্রতি ২৯ টাকা বাড়লো, কলকাতায় দর পৌঁছে গেল ৯৬৮ টাকায়।

৫) CBSE-র দ্বাদশ শ্রেণির পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন নিয়ে অভিযোগ জানানোর সময়সীমা আজই শেষ হচ্ছে।

৬) ফরাসি ওপেনে পুরুষদের সিঙ্গেলসের ফাইনালে আজ জার্মানির অ্যালেক্সান্ডার জভেরেভ ও ইতালির ফ্ল্যাভিও কোভোলি মুখোমুখি।

---

নিরাপত্তা, বাণিজ্য, খাদ্য সুরক্ষা, শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে ইন্দোনেশিয়ার সঙ্গে সহযোগিতার পরিসর বৃদ্ধিতে ভারতের আগ্রহের কথা পুনর্ব্যক্ত করলেন বিদেশমন্ত্রী ডঃ

এস জয়শঙ্কর। নতুন দিল্লিতে তিনি আজ দু'দেশের যৌথ কমিশনের বৈঠকে ইন্দোনেশিয়ার বিদেশমন্ত্রী সুগিওনো-র সঙ্গে যৌথভাবে পৌরোহিত্য করেন। ৪ বছর পর এই বৈঠক হচ্ছে এবং এই সময়ের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি অত্যন্ত ইতিবাচক একটি বিষয় বলে ডঃ জয়শঙ্কর মনে করেন। গত বছর দুই দেশ কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৭৫ বছর উদযাপন করেছে বলেও ডঃ জয়শঙ্কর উল্লেখ করেছেন।

**বাইট-জয়শঙ্কর**

উল্লেখ্য, অষ্টম ভারত-ইন্দোনেশিয়ার যৌথ কমিশনের অংশ নিতে এদেশ সফরে এসেছেন ইন্দোনেশিয়ার বিদেশমন্ত্রী।

---------------------------

সারা বিশ্বে আগামী দশকে তেলের মোট চাহিদা বৃদ্ধিতে প্রায় ৫০ শতাংশ অবদান থাকবে ভারতের এবং উৎপাদিত বিদ্যুতের ১৫ শতাংশই ভারতে ব্যবহৃত হবে বলে মন্তব্য করেছেন রাশিয়ার তেল উৎপাদক সংস্থা রসনেফট-এর প্রধান ইগর শেচিন। সেন্ট পিটার্সবার্গে ইন্টারন্যাশনাল ইকোনমিক ফোরামের সভায় তিনি বলেছেন, ভারতে জ্বালানি তেলের চাহিদা ২০৩৫ সাল নাগাদ ৪৪ শতাংশ বেড়ে দৈনিক প্রায় ৮ মিলিয়ন ব্যারেলে পৌঁছবে। বিদ্যুতের চাহিদাও ৮০ শতাংশ বেড়ে ঘণ্টা প্রতি প্রায় ৩ হাজার টেরাওয়াটে পৌঁছবে-যা বর্তমানে সমগ্র ইউরোপীয় ইউনিয়নের চাহিদার সমতুল।

তবে, হরমুজ প্রণালীর পরিস্থিতি এবং ভূরাজনইতিক অস্থিরতা ভারতের জ্বালানি নিরাপত্তার ক্ষেত্রে বড় সমস্যা বলে তিনি মনে করিয়ে দেন।

---------------------------

পরিযানের প্রশ্নে গা ছাড়া মনোভাবের জন্য ইউরোপের দেশগুলির কড়া সমালোচনা করেছেন মার্কিন ডিফেন্স সেক্রেটারি পিট হেগসেথ। ফ্রান্সে নর্ম্যান্ডি অবতরণ বা ডি ডে-র ৮২ তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেছেন, এই বিষয়টিতে গুরুত্ব না দেওয়ায় ইউরোপের বিভিন্ন দেশের সমুদ্রসৈকত দিয়ে এমন বহু মানুষ প্রবেশ করছেন, যাঁদের মতাদর্শ বেশ বিপজ্জনক। বিষয়টিকে তিনি কার্যত আগ্রাসন বলে অভিহিত করেছেন এবং বলেছেন, সমস্যার মোকাবিলায় এখনও সময় রয়েছে।

এই পরিযান বা অভিবাসনের ইস্যু গোটা ইউরোপের রাজনৈতিক আঙিনায় এখন আলোচনার কেন্দ্রবিন্দুতে। কড়া নীতির প্রবক্তারা জনমত সমীক্ষাগুলিতে ভালো সাড়া পাচ্ছেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও এক্ষেত্রে কঠোর পদক্ষেপের পক্ষে সওয়াল করেছেন বারবার।

উল্লেখ্য, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জার্মানির দখলে থাকা উত্তর পশ্চিম ইউরোপকে মুক্ত করার জন্য মিত্রবাহিনীর অভিযানের এই নর্ম্যান্ডি অবতরণ অত্যন্ত উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ ঘটনা।

---------------------------

সরকারি ও দলের সাংগঠনিক কয়েকটি কর্মসূচিতে অংশ নিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দুই দিনের সফরে দিল্লি যাচ্ছেন। আজ বিকেলে কলকাতা থেকে রওনা হয়ে তিনি দিল্লিতে পৌঁছবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। আগামী কাল নতুন দিল্লির বিজ্ঞান ভবনে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের আয়ুষ্মান ভারত সংক্রান্ত প্রস্তাবিত কর্মসূচিতে তার যোগ দেওয়ার কথা রয়েছে। এর আগে মুখ্যমন্ত্রী মন্ত্রীদের দপ্তর বন্টন সহ কয়েকটি বিষয়ে বিজেপির বেশ কয়েকজন কেন্দ্রীয়

নেতৃত্বের সঙ্গে কথা বলবেন বলে সূত্রের খবর। আগামীকাল রাতেই তার কলকাতায় ফেরার কথা।

---------------------------

IDFC ফার্স্ট ব্যাংক এবং AU ফাইন্যান্স জালিয়াতি মামলার তদন্তে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো-CBI গতকাল চণ্ডীগড়, পাঁচকুলা এবং দিল্লি জাতীয় রাজধানী অঞ্চলের ছ'টি জায়গায় তল্লাশি অভিযান চালিয়েছে। এই ঘটনায়, হরিয়ানা সরকারের আটটি দফতর এবং চণ্ডীগড় পুরসভা ও ক্রেস্ট চণ্ডীগড়ের দুটি দফতরে ৬ শো ৬১ কোটি টাকার জালিয়াতি ও সরকারি তহবিল তছরুপের ঘটনা ঘটে।

এক বিবৃতিতে সিবিআই জানিয়েছে, অনিয়ম এবং অপরাধের অর্থ গ্রহণের বিষয়ে হরিয়ানা ক্যাডারের ঊর্ধ্বতন সরকারি আধিকারিক এবং একটি বেসরকারি পরামর্শদাতা সংস্থা ও তার নির্দেশকের বাসভবনে এই তল্লাশি অভিযান চালানো হয়।

---------------------------

রান্নার গ্যাসের দাম ২৯ টাকা বেড়েছে। গৃহস্থের জন্য ব্যবহার যোগ্য ১৪ কিলো ২০০ গ্রামের সিলিন্ডারের জন্য এই দাম বৃদ্ধি ঘোষণা করা হয়েছে। এর ফলে দিল্লীতে রান্নার গ্যাসের দাম ৯১৩ টাকা থেকে বেড়ে দাঁড়ালো ৯৪২ টাকা। কোলকাতায় দর পৌঁছে গেল ৯৬৮ টাকায়। পশ্চিম এশিয়ার যুদ্ধের আবহে গত ৭ই মার্চ শেষবার রান্নার গ্যাসের সিলিন্ডারের দাম বেড়েছিল ৬০ টাকা। পাশাপাশি ৫ কেজি সিলিন্ডারের দামও ১০ টাকা ৫০ পয়সা বেড়ে হয়েছে ৩৮৫ টাকা ৫০ পয়সা। যদিও ১৯ কেজি বাণিজ্যিক সিলিন্ডারের দাম এ দফায় অপরিবর্তিত থাকছে।

---------------------------

অল ইন্ডিয়া রেডিও-র ৯০ বছর পূর্তি উপলক্ষে আকাশবাণী কলকাতার উদ্যোগে আজ সকালে ওয়াকাথনের আয়োজন করা হয়। কলকাতা ময়দানে বাস্কেটবল তাঁবু থেকে শুরু হয়ে আকাশবাণী ভবনে গিয়ে এটি শেষ হয় । ওয়াকাথনের সূচনা করেন আকাশবাণীর ডেপুটি ডিরেক্টর জেনারেল, ইঞ্জিনিয়ারিং তথা স্টেশন হেড সুচিস্মিতা রায়।

(বাইট – সুচিস্মিতা রায়)

---------------------------

এবছর CBSE-র দ্বাদশ শ্রেণির পরীক্ষার খাতা পুনর্মূল্যায়ন নিয়ে অভিযোগ জানানোর শেষদিন আজ। CBSE-র পক্ষ থেকে সামাজিক মাধ্যমে পোস্ট করে জানানো হয়েছে, তাদের পোর্টাল আজ মধ্যরাত পর্যন্ত খোলা থাকবে। এই সময়ের মধ্যে যাবতীয় বিষয়ে আবেদন করার জন্য শিক্ষার্থীদের জানিয়েছে CBSE।

---------------------------

তেলেগু দেশম পার্টি-TDP চলতি মাসের ১৮ তারিখে হতে চলা রাজ্যসভা নির্বাচনের জন্য ৩ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে।

দলের সর্বভারতীয় সভাপতি এন চন্দ্রবাবু নাইডু প্রার্থীতালিকাটি প্রকাশ করেছেন। শিল্পপতি সানা সতীশ, শিক্ষাবিদ ও ভাষ্যম এডুকেশনাল ইনস্টিটিউশনস-এর চেয়ারম্যান ভাষ্যম রামকৃষ্ণ এবং টিডিপি-র সমাজমাধ্যম শাখার প্রধান চিন্তাকায়ালা বিজয়-এর নাম ঘোষণা করেন তিনি।

অন্ধ্রপ্রদেশ থেকে চারটি রাজ্যসভা আসন শূন্য হতে চলেছে। জোটসঙ্গী, জনসেনা পার্টিকে একটি আসন দেওয়া হয়েছে। তাঁরা লিঙ্গমনেনি রমেশকে প্রার্থী হিসেবে মনোনীত করেছেন।

---------------------------

জাতীয় পুরস্কার বিজয়ী মালয়লি অভিনেতা সেলিম কুমার প্রয়াত। বয়স হয়েছিল ৫৭ বছর। ১৯৯৬ সালে সিদ্দিক শামীর পরিচালিত ‘ইশতামানু নুরুভাট্টাম’ সিনেমায় অভিনয়ের মাধ্যমে চলচ্চিত্র জগতে প্রবেশ করেন। তিন দশকের কর্মজীবনে তিনি প্রায় ৩৫০ টি চলচ্চিত্রে অভিনয় করেছেন। ‘আদামিন্তে মাকান আবু’ চলচ্চিত্রে অভিনয়ের জন্য তিনি ২০১০ সালে শ্রেষ্ঠ অভিনেতা হিসেবে জাতীয় পুরস্কার পান।

---------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ‘বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস’ পালিত হচ্ছে। প্রতি বছর ৭ ই জুন, রাষ্ট্রসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বিশ্বজুড়ে বিভিন্ন দেশের কর্তৃপক্ষ, নাগরিক সমাজ, শিক্ষাবিদ এবং অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থাগুলির সঙ্গে মিলে ‘বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস’ পালন করে। এ’বছরের মূল ভাবনা, ‘সমস্যা থেকে সমাধান-সর্বত্র নিরাপদ খাদ্য’।

এই উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা একটি স্বাস্থ্যকর ভবিষ্যতের জন্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত খাদ্যের প্রতি সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি নাগরিকদের স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং একটি সুস্থ ও আত্মনির্ভরশীল ভারত গড়ে তোলার আহ্বান জানান।

---------------------------

ফরাসি ওপেনে পুরুষদের সিঙ্গেলসের ফাইনালে আজ জার্মানির অ্যালেক্সান্ডার জভেরেভ ও ইতালির ফ্ল্যাভিও কোভোলি মুখোমুখি হবে। বিশ্ব র‍্যাংকিং-এ তৃতীয় স্থানে থাকা জভেরেভের এটি চতুর্থ গ্র্যান্ড স্লাম। তিনি চতুর্দশ স্থানে থাকা কোভোলির মুখোমুখি হবেন। এই লড়াইয়ে যিনি জিতবেন, তাঁর এটিই প্রথম গ্র্যান্ড স্লাম খেতাব।

এদিকে, গতকাল মহিলাদের সিঙ্গেলসের ফাইনালের, প্রতিযোগিতার অষ্টম বাছাই, রুশ খেলোয়াড় মিরা আন্দ্রিভা, পোল্যান্ডের মাজা চওলিন্সকাকে স্ট্রেট সেটে হারিয়ে প্রথম গ্র্যান্ড স্লাম জিতে নিয়েছেন। ১৯ বছর বয়সী এই খেলোয়াড় চওলিন্সকাকে ৬-৩, ৬-৩ সেটে হারিয়ে দিয়েছেন।

---------------------------

প্রথম ক্রিকেট টেস্টের প্রথম ইনিংসে আফগানিস্তানের বিরুদ্ধে রানের পাহাড় গড়লো ভারত। শেষ পাওয়া খবরে, ভারত ৮ উইকেটে ৫৬৪ রান করে ডিক্লায়ার করেছে। শুভমান গিল ১২৬ ও কে এল রাহুল ১০০ রান করেন। আফগানিস্তানের মহম্মদ শহীদুল্লাহ ৬ টি, জিয়াউর রহমান ও হাশমাতুল্লাহ শাহিদি ১ টি করে উইকেট নেন।

গতকাল প্রথম দিনের শেষে ভারত প্রথম ইনিংসে তিন উইকেটে ৩৬৮ রান করেছিল।

---------------------------

নতুন দিল্লিতে আজ ৭৭ তম ফিট ইন্ডিয়া সান্ডেজ অন সাইকেল সমারোহে অংশ নেন কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া। সাংবাদিকদের তিনি

বলেন, মানুষের মধ্যে সাইক্লিং-এর অভ্যাস বাড়লে পরিবেশ সংরক্ষণ এবং যানজটের মোকাবিলা-দুটি বিষয়ই সম্ভব।

-------------------------- --------------------------